প্রথম আলো

তারিখ 14 AUG ২০১৭
পৃষ্ঠা ১ কলাম ৫

# সাত কলেজের স্নাতকোত্তর পরীক্ষার রুটিন ঘোষণা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত হওয়া সাতটি কলেজের ২০১৩-১৪ শিক্ষাবর্ষের এমএ, এমএসএস, এমএসসি ও এমবিএস শেষ পর্ব (নতুন ও পুরোনো সিলেবাস অনুযায়ী) পরীক্ষার রুটিন ঘোষণা করা হয়েছে। আগামী ১০ সেপ্টেম্বর থেকে এই পরীক্ষা শুরু হয়ে চলবে ৩১ অক্টোবর পর্যন্ত।

গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

রুটিনসহ পরীক্ষার তারিখ ঘোষণার দাবিতে গত ২০ জুলাই শাহবাগে বিক্ষোভ করেছিলেন সাত কলেজের শিক্ষার্থীরা। এ সময় পুলিশের ছোড়া কাঁদানে গ্যাসের শেলের আঘাতে তিতুমীর কলেজের শিক্ষার্থী সিদ্দিকুর রহমানের চোখ নষ্ট হয়ে যায়। ওই ঘটনার প্রায় ২৪ দিন পর স্নাতকোত্তর শ্রেণির সময়সূচি প্রকাশ করা হলো।

সময়সূচি অনুযায়ী পরীক্ষা শুরু হবে বেলা দুইটায়। বেগম বদরুন্নেছা কলেজ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ ও কবি নজরুল সরকারি কলেজের শিক্ষার্থীরা ঢাকা কলেজ কেন্দ্রে; ঢাকা কলেজের শিক্ষার্থীরা ইডেন কলেজ কেন্দ্রে; ইডেন কলেজের শিক্ষার্থীরা বেগম বদরুন্নেছা কলেজ কেন্দ্রে; তিতুমীর কলেজের শিক্ষার্থীরা বাঙলা কলেজ কেন্দ্রে ও বাঙলা কলেজের শিক্ষার্থীরা তিতুমীর কলেজ কেন্দ্রে পরীক্ষা দেবেন।

পরীক্ষার পূর্ণাঙ্গ সময়সূচি জানতে নিজ নিজ কলেজে যোগাযোগ করতে বলেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ব্যবহারিক পরীক্ষার বিষয়ে পরে জানানো হবে। প্রবেশপত্র কলেজের অধ্যক্ষদের মনোনীত প্রতিনিধির মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে।